**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) স্বামী বিবেকানন্দের জন্মদিন আজ সারা দেশে জাতীয় যুব দিবস হিসেবে উদযাপিত হচ্ছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, স্বামী বিবেকানন্দের আদর্শকে পাথেয় করে এক ভারত শ্রেষ্ঠ ভারত ও এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলা সম্ভব।**

**(৩) আগরতলার লংকামুড়ার আল্পনা গ্রামে আগামীকাল থেকে আল্পনা ও পিঠেপুলি উৎসব-২০২৬ শুরু হচ্ছে।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় নতুনদিল্লিতে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৬-এর সমাপ্তি অধিবেশনে যোগ দিয়েছেন।**

**(৫) সংসদের বাজেট অধিবেশন এই মাসের ২৮ তারিখে শুরু হবে এবং দোসরা এপ্রিল পর্যন্ত চলবে।**

*****************************************

**National Youth Day–National :**

স্বামী বিবেকানন্দের জন্মদিন আজ যুব দিবস হিসেবে পালিত হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সামাজিক মাধ্যমে স্বামী বিবেকানন্দকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করে, বলেছেন যে স্বামী বিবেকানন্দ ছিলেন একজন কালজয়ী দূরদর্শী এবং আধ্যাত্মিক প্রতীক যিনি প্রচার করেছিলেন যে অভ্যন্তরীণ শক্তি এবং মানবতার সেবা একটি অর্থপূর্ণ জীবনের ভিত্তি।

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণ স্বামী বিবেকানন্দকে শ্রদ্ধা জানিয়ে সামাজিক মাধ্যমে বলেছেন যে স্বামী বিবেকানন্দের জীবন এবং শিক্ষাগুলি একটি

উদ্দেশ্যমূলক জীবনের স্তম্ভ হিসাবে অভ্যন্তরীণ শক্তি, আত্ম-শৃঙ্খলা এবং নিঃস্বার্থ সেবার উপর জোর দেয়।

*************************

**National Youth Day-CM :**

রাজ্যেও আজ যথাযথ মর্যাদায় জাতীয় যুব দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে আগরতলার নজরুল কলাক্ষেত্রে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, যুব সমাজ যদি জীবনের প্রতিটি স্তরে স্বামী বিবেকানন্দের আদর্শকে পাথেয় করে চলে তাহলে এক ভারত শ্রেষ্ঠ ভারত ও এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলা সম্ভব। তিনি বলেন, আগামীদিনে ভারতবর্ষ যুব নেতৃত্বাধীন দেশ হিসেবে প্রতিষ্ঠিত হবে। যুবরা হচ্ছে দেশের ও রাজ্যের চালিকাশক্তি। জাতীয় যুব দিবস পালনের উদ্দেশ্য হলো যুবসমাজের মধ্যে জাতীয় চেতনা এবং দেশপ্রেম জাগ্রত করা। তিনি বলেন, মাদকাসক্তির বিরুদ্ধে জনসচেতনতা তৈরিতে যুবসমাজের অগ্রণী ভূমিকা পালন করা উচিত। বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিঙ্কু রায়।

*************************

**National Youth Day-Unakoti :**

ঊনকোটি জেলার ফটিকরায়ের নজরুল কলাকেন্দ্রে ভারতীয় জনতা যুব মোর্চার উদ্যোগে আজ জাতীয় যুব দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস স্বামী বিবেকানন্দের জীবনাদর্শ নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, বিজেপি'র মন্ডল সভাপতি তরুণ কুমার দাস, যুব মোর্চার মন্ডল সভাপতি প্রীতম বিশ্বাস, বিশিষ্ট শিক্ষাব্রতী যদুলাল রায় প্রমুখ।

*************************

**Yuba Diwas-Mayor :**

বিবেকনগর রামকৃষ্ণ মিশনের উদ্যোগে আজ আগরতলা শিশু উদ্যানে জাতীয় যুব দিবস হিসেবে উদযাপন করা হয়। উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। উপস্থিত ছিলেন বিবেকনগর রামকৃষ্ণ মঠ মিশনের অধ্যক্ষ স্বামী শুভকরানন্দ জি মহারাজ।

******************************

**Alpona & Pithe Puli Utsob-Mayor :**

গ্রামীন মানুষের বিলুপ্তপ্রায় চিরাচরিত সংস্কৃতিকে পুনরুজ্জীবিত করার ভাবনায় আগরতলার লংকামুড়ার আল্পনা গ্রামে আগামীকাল থেকে আল্পনা ও পিঠেপুলি উৎসব-২০২৬ শুরু হচ্ছে। উদ্বোধন করবেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ। আজ আগরতলার পুর নিগমের মেয়র দীপক মজুমদার সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে তিনদিনব্যাপী এই উৎসবটির আয়োজনে সহযোগিতা করছে আগরতলা পুরনিগম, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদ, সংস্কার ভারতী, ত্রিপুরা প্রান্ত ছাড়াও রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর।

***************************

**National Youth Day-Sepahijala :**

জাতীয় যুব দিবস উপলক্ষ্যে আজ সোনামুড়ায় শ্রী শ্রী রামকৃষ্ণ পাঠচক্রের উদ্যোগে ও রামকৃষ্ণ বিদ্যাতীর্থের সহায়তায় এক সুসজ্জিত শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। মহকুমা তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে স্থানীয় বিবেকানন্দ ক্লাব প্রাঙ্গনে অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। উপস্থিত ছিলেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস-চেয়ারপার্সন শাহজাহান মিয়া, মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষপাল প্রমুখ।

*************************

**Accident :**

আজ সকালে ধলাই জেলার কমলপুরের সাইকা বাড়িতে বাস দুর্ঘটনায় ১৮ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে ১১ জনকে কমলপুর মহকুমা হাসপাতালে, ৫ জনকে ধলাই জেলা হাসপাতালে এবং ২ জনকে ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করা হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

****************************

**CM-A D Nagar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে আজ আগরতলা পূর নিগমের ৩৯নং ওয়ার্ডের মিলনায়তনে দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স অ্যাসোসিয়েশন সারা বছরব্যাপী মানব কল্যাণে বিভিন্ন কাজ করে চলছে। মুখ্যমন্ত্রী ত্রান তহবিলে এখন পর্যন্ত তাদের পক্ষ থেকে প্রায় ১৪ লক্ষ টাকা দান করা হয়েছে। অনুষ্ঠানে প্রায় ৩০০টি কম্বল বিতরণ করা হয়।

**************************

**Shishu Mela-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার বড়দোয়ালির মধ্যপাড়ায় নব-অঙ্গীকার সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার ১৭তম বার্ষিক শিশু মেলা উপলক্ষ্যে আয়োজিত রক্তদান ও যুব উৎসবের উদ্বোধন করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'নিউ ইন্ডিয়া' গড়ার আহ্বান জানিয়েছেন। রাজ্যের বিভিন্ন ক্ষেত্রে সংস্কারমূলক পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে ত্রিপুরা দেশের মধ্যে প্রশংসিত হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সমাজের সকল অংশের মানুষকে নেশার বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানিয়েছেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন আগরতলা পুর নিগমের কর্পোরেটর সম্পা সরকার চৌধুরী, নব-অঙ্গীকার সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার সম্পাদক দেবদাস বক্সি।

****************************

**National Youth Day-DYFI :**

ডি.ওয়াই.এফ.আই-র উদ্যোগে আজ আগরতলায় ছাত্র যুব ভবনে জাতীয় যুব দিবস উদযাপন করা হয়। সংগঠনের রাজ্য সম্পাদক নবারুন দেব স্বামী বিবেকানন্দের জীবনাদর্শ নিয়ে আলোচনা করেন।

****************************

**Pitha Puli Festival :**

জোলাইবাড়ি ব্লকের স্বদেশনগর গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে আজ একদিনের পিঠে পুলি উৎসব ও ৬০ বছর ও তার উর্ধ্ব মহিলাদের নিয়ে পুরনো দিনের গানের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় পঞ্চায়েত এলাকার স্ব-সহায়ক দলের সদস্যারা সহ স্থানীয় মহিলারাও অংশগ্রহন করেন।

********************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**LPM, VBYLD :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় নতুনদিল্লিতে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৬-এর সমাপ্তি অধিবেশনে যোগ দিয়েছেন। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী প্রদর্শনী পরিদর্শন করেন এবং তরুণ নেতাদের সঙ্গে তাদের উদ্ভাবন এবং ধারণাগুলি সম্পর্কে তাদের সঙ্গে আলাপচারিতা করেন।

#######Byte-PM#######

অনুষ্ঠান চলাকালীন, প্রধানমন্ত্রী ভিবিওয়াইএলডি ২০২৬-এর জন্য প্রবন্ধ সংকলনও প্রকাশ করেন, যেখানে ভারতের উন্নয়নমূলক অগ্রাধিকার এবং দীর্ঘমেয়াদী জাতি গঠনের লক্ষ্য সম্পর্কে তরুণ অংশগ্রহণকারীদের রচিত নির্বাচিত প্রবন্ধগুলি অন্তর্ভুক্ত রয়েছে। বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগের দ্বিতীয় পর্ব এমন একটি জাতীয় মঞ্চ, যা ভারতের যুব এবং জাতীয় নেতৃত্বের মধ্যে কাঠামোগত সম্পৃক্ততা সহজতর করার জন্য পরিকল্পনা করা হয়েছে।

***************************

**Yuba Diwas :**

জাতীয় যুব দিবস উপলক্ষে নয়াদিল্লি ভারত মন্ডপমে আয়োজিত বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ অনুষ্ঠানে আজ প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ত্রিপুরার যুব প্রতিনিধি বিশাল দেব দেশের বিভিন্ন রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের প্রতিনিধিদের সঙ্গে বন্দেমাতরম সঙ্গীতে অংশ গ্রহনের সুযোগ পেয়েছেন। এছাড়া ডিজাইন ফর ভারত এ ত্রিপুরার টিআইটি-র তিন ছাত্রছাত্রী জন্মেজয় দাস, হিমাদ্রিতা দাস ও অঙ্গিতা পাল দ্বিতীয় স্থান অধিকার করেছে। এই প্রতিযোগিতায় আসাম প্রথম, গুজরাট তৃতীয়, দিল্লি চতুর্থ ও মহারাষ্ট্র পঞ্চম স্থান অধিকার করেছে।

ত্রিপুরা সরকারের তথ্য সংস্কৃতি এবং ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের সচিব ডঃ প্রদীপ চক্রবর্তী আকাশবাণীর প্রতিনিধিকে আজ এই সংবাদ জানিয়েছেন। উল্লেখ্য ত্রিপুরা থেকে ৬২ জনের যুব প্রতিনিধি জাতীয় যুব দিবস উপলক্ষে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগে অংশ নিয়েছেন।

*****************************

**Budget :**

সংসদের বাজেট অধিবেশন এই মাসের ২৮ তারিখে শুরু হবে এবং দোসরা এপ্রিল পর্যন্ত চলবে। ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেট পয়লা ফেব্রুয়ারি পেশ করা হবে। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা জানিয়েছেন যে বাজেট উপস্থাপনের প্রক্রিয়া পয়লা ফেব্রুয়ারি নিম্নকক্ষে সকাল ১১টায় শুরু হবে। আজ নতুনদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে তিনি এই বিষয়ে এক প্রশ্নের উত্তরে একথা বলেন। এর আগে, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেন যে বাজেট অধিবেশনের প্রথম পর্ব ১৩ই ফেব্রুয়ারি শেষ হবে। অধিবেশনের দ্বিতীয় পর্ব ৯ই মার্চ পুনরায় শুরু হবে এবং দোসরা এপ্রিল পর্যন্ত চলবে।

****************************

**Package Story-G Ram G :**

গ্রামের অর্থনীতি ও স্থানীয় উদ্যোগকে শক্তিশালী করা, নবপ্রজন্মকে ঐতিহ্য রক্ষায় উৎসাহিত করা-এটি বিকশিত ভারত বা জি রাম জি-র মূল লক্ষ্য। ঠিক সেই লক্ষ্য বাস্তবায়নের একটি উদাহরণ দেখা গেলো সিপাহীজলা জেলার সোনামুড়ায়। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC#####

**************************

**Chabimura Utsab :**

অমরপুরের ছবিমুড়াতে দুইদিনব্যাপী ১৫তম ছবিমুড়া উৎসব আজ থেকে শুরু হয়েছে। তথ্য ও সংস্কৃতি দপ্তর, অমরপুর মহকুমা প্রশাসন ও হাঁচুক মথাই এস.এইচ. জি এর যৌথ উদ্যোগে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন বিধায়ক রামপদ জমাতিয়া। উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, আঠারোভোলা সেবা আশ্রম সোসাইটির মহা গুরুধাম চরণ মলসম্ প্রমুখ।

****************************

**Cricket-Udaipur :**

উচ্চ শিক্ষা মন্ত্রী কিশোর বর্মন আজ উদয়পুরে স্পোর্টস কমপ্লেক্স মাঠে তৃতীয় রঞ্জিৎ সিংহ রায় স্মৃতি নকআউট টেনিস ক্রিকেট টুর্ণামেন্টের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়, গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। আসরে ৩২টি দল অংশ নিয়েছে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************